দৈনিক আমাদের সময়

তারিখ: 01 FEB 2018
পৃষ্ঠা: ২ কলাম: ৫

# এনসিটিবিতে মন্ত্রীর পিএসের বোনের তুলকালাম কাণ্ড

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) তুলকালাম কাণ্ড করেছেন প্রেষণে কর্মরত জ্যেষ্ঠ নারী কর্মকর্তা ড. তৌফিকা আক্তার। তিনি শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নাজমুল হক খানের বোন। নাজমুল হক খান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের পিএস হিসেবে দায়িত্ব পালন করছেন। গতকাল তিনি চেঁচামেচি ও গালমন্দ করে এনসিটিবি ভবনের ১১ তলায় অফিস কক্ষের আসবাবপত্র ভাঙচুর করেন। এ সময় তার হামলায় অন্তত তিনজন সহকর্মী আহত হন।

এদিকে সহকর্মীদের গালমন্দ-শারীরিক নির্যাতন এবং আসবাবপত্র ভাঙচুরের প্রতিবাদে গতকাল কর্মবিরতি পালন করেন বিসিএস সাধারণ এরপর পৃষ্ঠা ২, কলাম ২

## এনসিটিবিতে মন্ত্রীর

(শেষ পৃষ্ঠার পর) শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা। ঘটনার তদন্তে এনসিটিবির সদস্য (পাঠ্যপুস্তক) প্রফেসর মিয়া ইনামুল হক সিদ্দিকীকে দায়িত্ব দেওয়া হয়েছে।

এ বিষয়ে গতকাল সন্ধ্যায় এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা আমাদের সময়কে জানান, ড. তৌফিকা আক্তার মানসিক ভারসাম্যহীন। বিভিন্ন সময়ে অফিসে চিৎকার চেঁচামেচি করেন। বুধবারও এমনটি হয়েছে। তিনি অফিসের কিছু আসবাবপত্র ভাঙচুর করেছেন। বিষয়টি শিক্ষামন্ত্রীকে জানানোর পর মন্ত্রণালয় তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন। তিনি জানান, কারিকুলাম বিশেষজ্ঞ হিসেবে কর্মরত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সহকারী অধ্যাপক ড. তৌফিকা দীর্ঘদিন ধরে কলেজ ছেড়ে প্রেষণে এনসিটিবিতে আছেন। জানা গেছে, গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এনসিটিবির দুই কর্মকর্তাকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসেবে বদলি করা হয়েছে।